যুগান্তর

তারিখ 22 FEB 2015
পৃষ্ঠা ২ কলাম ৩

# আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালনের বিল মার্কিন কংগ্রেসে

যুগান্তর ডেস্ক

বাংলা ভাষাকে আন্তর্জাতিক মাতৃভাষা হিসেবে জাতীয়ভাবে পালনের জন্য মার্কিন কংগ্রেসে একটি বিল তোলা হয়েছে বলে জানিয়েছেন যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে নির্বাচিত মার্কিন কংগ্রেসম্যান গ্রেস মেং। তিনি জানান, বিলটি পাসের জন্য তিনি কাজ করে যাচ্ছেন এবং বিলটি অচিরেই পাস হওয়ার সম্ভাবনা রয়েছে।

শুক্রবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে সানিসাইডের একটি কমিউনিটি সেন্টারে বাংলাদেশ সোসাইটি আয়োজিত অমর একুশের অনুষ্ঠানে একথা জানান গ্রেস মেং। এ প্রসঙ্গে তিনি বলেন, নিউইয়র্কে বাংলাদেশীরা একটি অগ্রসরমান শ্রেণী। তাছাড়া বিশ্বে বাংলা ভাষা একটি সুদৃঢ় অবস্থান করে নিয়েছে। সেই গুরুত্ব অনুধাবন করে আমি কংগ্রেসে বিলটি উত্থাপন করেছি। বিল উত্থাপনকারী মার্কিন কংগ্রেসে পররাষ্ট্র বিষয়ক কমিটির সদস্য ডেমক্রেটদলীয় গ্রেস মেং আরও জানান, বিলটি ভোটে যাওয়ার আগে প্রতিনিধি পরিষদে পররাষ্ট্রবিষয়ক কমিটির অনুমোদন লাগবে। মেং আশা করছেন, শিগগিরই তা ভোটে যাবে এবং সব সদস্যের অনুমোদন পাবে।

**নিউইয়র্ক স্টেটের স্বীকৃতি পেল 'অমর একুশে'**: এদিকে জাতিসংঘ [illegible] ইউনেস্কোর পর বাঙালির 'অমর একুশে' এবার যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক স্টেটের মর্যাদাপূর্ণ স্বীকৃতি পেল। শুক্রবার জাতিসংঘ সদর দফতরের সামনে স্থাপিত অস্থায়ী শহীদ মিনারে নিউইয়র্কের স্টেট গভর্নর এন্ড্রু ক্যুমোর পক্ষে তার প্রতিনিধি ডিয়ানা ফুটে আনুষ্ঠানিকভাবে এই স্বীকৃতির স্মারক হস্তান্তর করেন। বাংলাদেশের পক্ষে এটি গ্রহণ করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত ড. আবদুল মোমেন।